# 126444 - ‘খুলা’ তালাক্ব নয়; এমনকি সেটা তালাক্ব শব্দের মাধ্যমে হলেও

প্রশ্ন

আমার প্রশ্নটি ‘খুলা’ সংক্রান্ত। আমি একজন শাইখ ও দুইজন সাক্ষীর সামনে আমার স্বামীর সাথে খুলা করেছি। ছয়মাস পরে আমরা সিদ্ধান্ত নিয়েছি যে, আমরা একে অপরের কাছে ফিরে আসব নতুন একটি বিয়ের আকদের মাধ্যমে। এর দুই বছর পর আমি নতুন করে আবার খুলা তলব করলাম এবং কার্যতঃ আমি সম্মতিও পেলাম। কথা কাটাকাটির পর সে আমাকে প্রতিশ্রুতি দিল যে, আমার সাথে ভাল ব্যবহার করবে এবং শিশুটির কারণে আমরা একে অপরের কাছে ফিরে আসা আবশ্যক। আমার প্রশ্ন হলো: খুলা কি তালাক্ব হিসেবে গণ্য? অর্থাৎ আমার জন্য কি আর শুধু একটি তালাক্ব বাকী আছে? আমরা একে অপরের কাছে নতুনভাবে ফিরে যাওয়া কি জায়েয? আমরা একে অপরের কাছে ফিরে যাওয়ার পদ্ধতিটি কেমন হবে? সেটা কি নতুন একটি বিয়ের আকদের মাধ্যমে। আশা করি আমাকে উপদেশ ও দিক-নির্দেশনা দিবেন। আর যদি আপনারা আর কিছু জানতে চান তাহলে আশা করি আমাকে জানাবেন।

প্রিয় উত্তর

আলহামদু লিল্লাহ।.

খুলা তালাক্ব হিসেবে গণ্য নয়; এমনকি যদি সেটা তালাক্ব শব্দের মাধ্যমে হয় অগ্রগণ্য মতানুযায়ী তবুও এটি তালাক্ব নয়। এর বিস্তারিত বিবরণ নিম্নরূপ:

১। যদি ‘খুলা’ তালাক্ব শব্দের মাধ্যমে না হয় এবং এর দ্বারা তালাক্বের নিয়ত না করা হয়; তাহলে একদল আলেমের নিকট এটি বিয়ের আকদকে বাতিলকরণ। এটা ইমাম শাফেয়ির পূর্ববর্তী অভিমত এবং হাম্বলি মাযহাবের অভিমত। বিয়ের আকদকে বাতিলকরণের ফলে এটি তালাক্ব হিসেবে গণ্য হবে না। তাই যে ব্যক্তি তার স্ত্রীর সাথে দুইবার খুলা করেছে সে নতুন একটি আক্দের মাধ্যমে পুনরায় স্ত্রীর কাছে ফিরতে পারে এবং এর কোনটি তালাক্ব হিসেবে গণ্য হবে না।

উদাহরণস্বরূপ: স্বামী বলল: আমি এই পরিমাণ সম্পদের শর্তে আমার স্ত্রীর সাথে খুলা করলাম কিংবা আমি এই শর্তে তার সাথে বিবাহ বাতিল করলাম।

২। আর যদি ‘খুলা’ তালাক্ব শব্দের মাধ্যমে হয়; যেমন কেউ বলল: আমি এই পরিমাণ অর্থের শর্তে আমার স্ত্রীকে তালাক্ব দিলাম। তাহলে অধিকাংশ আলেমের মতে, সেটি তালাক্ব।[দেখুন: আল-মাওসুআ’ আল-ফিকহিয়্যা (১৯/২৩৭)]

আর কছি আলমেরে মতে, এটওি বয়িে আকদ বাতলিকরণ। এট তালাক্ব হসিবেে গণ্য হবে না; তালাক্ব শব্দরে মাধ্যমে হলওে। এই অভমিতট ইবনে আব্বাস (রাঃ) থকেে বর্ণতি। শাইখুল ইসলাম ইবনে তাইময়িা এই অভমিতকে নর্িবাচন করছেনে। তনি বলনে: এই মর্মে ইমাম আহমাদরে ও তাঁর প্রবীণ ছাত্রদরে সরাসর ভাষ্য উদ্ধৃত হয়ছে।[দখেুন: আল-ইনসাফ (৮/৩৯৩)]

শাইখ উছাইমীন (রহঃ) বলনে: কন্িতু অগ্রগণ্য অভমিত হলো: এট খুলা; তালাক্ব নয়। এমনক যদ এট সরাসর তালাক্ব শব্দরে মাধ্যমে হয় তবুও। এর সপক্ষে প্রমাণ হচ্ছে আল্লাহ্ তাআলার বাণী: "তালাক হল দুই বার। এরপর (স্ত্রীকে) হয় যথোচতিভাবে ধরে রাখতে হবে, না হয় ভালোয়ে ভালোয়ে ছড়েে দতিে হবে।"[সূরা বাক্বারা, ২:২২৯] অর্থাৎ দুইবার সদি্ধান্তট আপনার হাতে; ধরে রাখবনে কংিবা ছড়েে দবিনে। "আর তোমরা তাদরেকে যা যা দয়িছেো তা থকেে কছিুই নয়িে নওেয়া তোমাদরে জন্য বধৈ নয়; তবে যদ (স্বামী-স্ত্রী) দুজনে আল্লাহ্র সীমারখো (বধিান) ঠকি রাখতে না পারার আশঙ্কা করে তাহলে ভন্িন কথা। তাই তোমরা যদ আশঙ্কা কর যে, তারা দুজনে আল্লাহ্র সীমারখো ঠকি রাখতে পারবে না তাহলে স্ত্রী নজিকেে মুক্ত করতে (স্বামীকে) কছিু বনিমিয় দলিে তাতে দুজনরে কারো পাপ হবে না।"[সূরা বাক্বারা, ২: ২২৯] সুতরাং এট হলো অর্থরে বনিমিয়ে নজিকেে মুক্ত করা। এরপর আল্লাহ্ তাআলা বলনে: "অতঃপর স্বামী যদ স্ত্রীকে (তৃতীয় বাররে মত) তালাক দয়ে তাহলে এরপর স্ত্রী আর এই স্বামীর জন্য বধৈ হবে না, যতক্ষণ পর্যন্ত না সে অন্য এক স্বামীকে বয়িে কর।"[সূরা বাক্বারা, ২: ২৩০] আমরা যদ খুলাকে তালাক্ব হসিবেে গণনা করতাম তাহলে "অতঃপর স্বামী যদ স্ত্রীকে তালাক দয়ে" এট চতুর্থ তালাক হয়ে যতে। অথচ তা ইজমা (আলমেগণরে মতক্যৈ)-র বপিরীত। কুরআনরে বাণী: "অতঃপর স্বামী যদ স্ত্রীকে তালাক দয়ে" অর্থাৎ তৃতীয়বার। "তাহলে এরপর স্ত্রী আর এই স্বামীর জন্য বধৈ হবে না, যতক্ষণ পর্যন্ত না সে অন্য এক স্বামীর সাথে সহবাস কর।" আয়াতরে প্রমাণ সুস্পষ্ট। এ কারণে ইবনে আব্বাসরে (রাঃ) অভমিত হলো: বনিমিয় নয়িে প্রত্যকেে যে বচ্ছিদে সটোই খুলা; তালাক্ব নয়। এমনক সইে বচ্ছিদে যদ তালাক্ব শব্দ ব্যবহার করে করা হয় তবুও। এটাই অগ্রগণ্য অভমিত।[আল-শারহুল মুমত (১২/৪৬৭-৪৭০) থকেে সমাপ্ত]

তনি আরও বলনে: প্রত্যকেে যে বচ্ছিদে বনিমিয় নয়িে সটোই খুলা; এমনক সটো যদ তালাক্ব শব্দ ব্যবহার করে করা হয় তবুও। উদাহরণস্বরূপ কউে বলল যে, আম এক হাজার রয়িালরে বনিমিয়ে আমার স্ত্রীকে তালাক্ব দলিাম। তখন আমরা বলব: এট খুলা। এই অভমিত আব্দুল্লাহ্ ইবনে আব্বাস (রাঃ) থকেে বর্ণতি যে, প্রত্যকেে যাতে বনিমিয় প্রবশে করছে সটে তালাক্ব নয়। আব্দুল্লাহ্ বনি ইমাম আহমাদ বলনে: খুলার ব্যাপারে ইবনে আব্বাসরে যে অভমিত আমার পতিারও সইে অভমিত। অর্থাৎ যইে শব্দইে হোক না কনে সটে ববিাহ বাতলিকরণ; এট তালাক্ব হসিবেে গণ্য হবে না।

এর উপর গুরুত্বপূর্ণ একট মাসয়ালা নর্িভর কর। তা হলো: যদ কোনে ব্যক্ত তার স্ত্রীকে আলাদা আলাদাভাবে দুইবার তালাক্ব দয়ে। এরপর তালাক্ব শব্দরে মাধ্যমে খুলা সম্পন্ন হয়; সক্ষেত্রেে যারা তালাক্ব শব্দরে মাধ্যমে খুলা করাকে তালাক্ব মনে করনে তাদরে দৃষ্টতিে তার স্ত্রীর বায়নে তালাক্ব হয়ে যাব। অপর কোনে স্বামীকে বয়িে করা ছাড়া তার জন্য বধৈ হবে না। আর যারা তালাক্ব শব্দরে মাধ্যমে খুলা করাকে ববিাহ বাতলিকরণ মনে করনে তাদরে নকিট ইদ্দতকালীন সময়রে

মধ্যে নতুন একটি আকদের মাধ্যমে এই স্ত্রী তার জন্য হালাল হবে। এটাই অগ্রগণ্য অভিমত। কিন্তু তা সত্ত্বেও যারা খুলা রেজিস্ট্রী করেন আমরা তাদেরকে উপদেশ দিব তারা যেন "এত এত অর্থের বিনিময়ে স্ত্রীকে তালাক্ব দিয়েছেন" এভাবে না লিখেন। বরং তারা বলবেন: এত এত অর্থের বিনিময়ে স্ত্রীর সাথে খুলা করেছেন। কেননা আমাদের দেশের অধিকাংশ কাযী (বিচারক) এবং আমার ধারণায় অন্যান্য স্থানের কাযীরাও তালাক্ব শব্দের মাধ্যমে সম্পাদিত খুলাকে তালাক্ব মনে করেন। যার ফলে মহিলাটি ক্ষতিগ্রস্ত হবেন। যদি সেই তালাক্বটি সর্বশেষ তালাক্ব হয় তাহলে স্ত্রী বায়েন (চূড়ান্তভাবে বিচ্ছেদ) হয়ে যাবে। আর যদি সর্বশেষ তালাক্ব না হয় সেক্ষেত্রেও এটাকে তালাক্ব হিসেবে গণনা করা হবে।[আল-শারহুল মুমতি (১২/৪৫০) থেকে সমাপ্ত]

পূর্বোক্ত আলোচনার আলোকে আপনি যদি আপনার স্বামীর কাছে ফিরে যেতে চান তাহলে নতুন একটি আকদ করা আবশ্যক। আপনাদের ওপর তালাক্ব গণনা করা হবে না।

আল্লাহই সর্বজ্ঞ।